

স্মারক নম্বর: ০৫.৩০.৯৩০০.০২৫.০৪.০২৪.১৬.৩৩

তারিখ: ৩ জ্যৈষ্ঠ ১৪২৯

১৭ মে ২০২২

বিষয়: জেলা পর্যায়ে ৪৩তম বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ ২০২২ উদযাপন উপলক্ষে আয়োজিত বিজ্ঞান মেলা ও বিজ্ঞান অলিম্পিয়াড এবং বিজ্ঞান বিষয়ক কুইজ ও সেমিনারে অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্র: জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর এর ২৮.১২.২০২১ তারিখের ৪২৭ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিজ্ঞান বিষয়ক বিভিন্ন বাস্তবধর্মী ধারণা দিয়ে সর্বস্তরে বিজ্ঞান সচেতনতা সৃষ্টি এবং বিজ্ঞানের সুফল দৈনন্দিন জীবনে প্রয়োগের জন্য জনসাধারণকে উদ্বুদ্ধকরণ; বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে উদ্ভাবনমূলক কাজে শিশু কিশোর ও তরুণদের মধ্যে আগ্রহ সৃষ্টি ও তাদের সুপ্ত প্রতিভা বিকাশে সহায়তা দান; দেশীয় সম্পদের সাহায্যে স্বল্পমূল্যে বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক আমদানির বিকল্প ব্যবস্থা গড়ে তোলার ব্যাপারে তরুণ উদ্ভাবক ও গবেষকদের সহায়তা ও উৎসাহ প্রদানের লক্ষ্যে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপন করা হয়। এলক্ষ্যে টাঙ্গাইল কালেক্টরেট বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, টাঙ্গাইল প্রাঙ্গণে আগামী ২১ ও ২২ মে ২০২২ খ্রি. তারিখ ০২ (দুই) দিন ব্যাপী নিম্নে বর্ণিত কর্মসূচি মোতাবেক স্বাস্থ্যবিধি মেনে শিক্ষার্থীদের সরাসরি অংশগ্রহণে স্বল্প পরিসরে বিজ্ঞান মেলা অনুষ্ঠিত হবে।

ক্রমিক	কর্মসূচি	তারিখ ও সময়	মন্তব্য
১	বিজ্ঞান মেলার শুভ উদ্বোধন ও বিজ্ঞান বিষয়ক সেমিনার	২১ মে ২০২২ খ্রি; সকাল ১১.০০ টা	সেমিনারের প্রতিপাদ্য: “স্মার্টফোনে আসক্তিঃ পড়াশোনার ক্ষতি”
২	বিজ্ঞান অলিম্পিয়াড	২১ মে ২০২২ খ্রি: দুপুর ১২.০০ টা	জুনিয়র ও সিনিয়র গ্রুপ
৩	বিজ্ঞান ভিত্তিক প্রজেক্ট উপস্থাপন	২১ ও ২২ মে ২০২২	প্রতিদিন সকাল ১১.০০ হতে বিকাল ০৩.০০ টা পর্যন্ত
৪	বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা	২২ মে ২০২২ খ্রি: সকাল ১১.০০ টা	মাধ্যমিক পর্যায় (দলগত)
৫	পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠান	২২ মে ২০২২ খ্রি: বিকাল ০৩.০০ টা	

- মেলায় বিজ্ঞান ভিত্তিক প্রদর্শনী প্রজেক্ট উপস্থাপনে এ জেলার ১২টি উপজেলা হতে (জুনিয়র, সিনিয়র, বিশেষ) গ্রুপে ১ম স্থান অধিকারী এবং জেলা সদরে অবস্থিত জুনিয়র, সিনিয়র গ্রুপে শিক্ষা প্রতিষ্ঠান ও বিশেষ গ্রুপে ব্যক্তি পর্যায়ে আগ্রহীগণ অংশগ্রহণপূর্বক প্রজেক্ট উপস্থাপন করতে পারবে।
- বিজ্ঞান অলিম্পিয়াডে প্রতি উপজেলা হতে জুনিয়র, সিনিয়র গ্রুপে ১ম থেকে ৫ম স্থান অধিকারী ৫ জন করে প্রতিযোগী অংশগ্রহণ করতে পারবে। জেলা সদরে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠান হতে জুনিয়র/সিনিয়র গ্রুপে ৫ জন করে প্রতিযোগী অংশগ্রহণ করতে পারবে।
- বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতায় প্রতি উপজেলা হতে মাধ্যমিক পর্যায়ে ১ম স্থান অধিকারী দল (প্রতি দলে ৩ জন করে) জেলা পর্যায়ে অংশগ্রহণ করবে। জেলা সদরে অবস্থিত মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান হতে (একটি দলে ৩ জন করে) প্রতিযোগী অংশগ্রহণ করতে পারবে।

- মেলায় প্রজেক্ট উপস্থাপনের জন্য স্টল স্থাপন ও বরাদ্দ সংক্রান্ত যাবতীয় বিষয়াদি আয়োজক কমিটি ব্যবস্থা করবেন। এসংক্রান্ত যেকোন তথ্যের জন্য জনাব সিনথিয়া হোসেন, সহকারী কমিশনার (মোবাইল ০১৯৬২- ৪৯০৮৬৮) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।



১৭-৫-২০২২

শরিফুল ইসলাম

অতিরিক্ত জেলা প্রশাসক

ফোন: +৮৮০২৯৯৭৭১৪৯০২

ফ্যাক্স: +৮৮০২৯৯৭৭১৪৯০৩

ইমেইল:

adceduicttangail@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৩০.৯৩০০.০২৫.০৪.০২৪.১৬.৩৩/১

তারিখ: ৩ জ্যৈষ্ঠ ১৪২৯

১৭ মে ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১) বিভাগীয় কমিশনার (অতিরিক্ত দায়িত্ব), বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
- ২) মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর
- ৩) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, টাঙ্গাইল। বিজ্ঞান মেলায় বিভিন্ন ইভেন্টে ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ নিশ্চিতকরণের অনুরোধসহ।
- ৪) উপজেলা নির্বাহী অফিসার,..... (সকল), টাঙ্গাইল। তাঁর উপজেলা হতে বিজ্ঞান মেলায় বিভিন্ন ইভেন্টে ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ নিশ্চিতকরণের অনুরোধসহ।
- ৫) অধ্যক্ষ/প্রধান শিক্ষক,
.....টাঙ্গাইল। তাঁর প্রতিষ্ঠানে বিজ্ঞপ্তিটি প্রচার এবং বিভিন্ন ইভেন্টে ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ নিশ্চিতকরণের অনুরোধসহ।
- ৬) অধ্যক্ষ, টাঙ্গাইল কলেজের বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, টাঙ্গাইল। ভেন্যু প্রস্তুত রাখাসহ মেলায় সার্বিক সহযোগিতার জন্য ১০(দশ) সদস্য বিশিষ্ট শিক্ষক প্রতিনিধি টিম প্রস্তুত রাখার জন্য অনুরোধ করা হলো।



১৭-৫-২০২২

শরিফুল ইসলাম

অতিরিক্ত জেলা প্রশাসক